
যুগান্তর

তারিখ ... 14 OCT 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

# চূড়ান্ত অনুমোদন পেল বঙ্গবন্ধু ডিজিটাল বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয় আইনের খসড়ায় চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। পরে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। তিনি সাংবাদিকদের বলেন, অনুমোদিত আইনের খসড়ায় ডিজিটাল বিশ্ববিদ্যালয়ে ট্রেজারার রাখার বিধান যুক্ত করা হয়েছে। গত বছরের ২৯ ডিসেম্বর কিছু অনুশাসন ও পর্যবেক্ষণসহ ডিজিটাল বিশ্ববিদ্যালয় খসড়া আইনে নীতিগত অনুমোদন দেয় মন্ত্রিসভা। মন্ত্রিপরিষদ সচিব বলেন, ওইসব অনুশাসন ও পর্যবেক্ষণের আলোকে সংশোধনের পর আইন মন্ত্রণালয়ের ভেটিং নিয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য আইনের খসড়া মন্ত্রিসভায় তোলা হয়। এখন চূড়ান্ত অনুমোদন পাওয়া খসড়া আইন মন্ত্রণালয়ের পুনঃভেটিং সাপেক্ষে সরাসরি সংসদে চলে যাবে বলে জানান তিনি। নীতিগত অনুমোদনের সময় ডিজিটাল বিশ্ববিদ্যালয় সম্পর্কে মোশাররাফ হোসাইন ভূইঞা বলেন, আইসিটি শিক্ষার গুণগত উৎকর্ষের মাধ্যমে উন্নয়নের গতি ত্বরান্বিত করাই এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য। বিশেষায়িত বিশ্ববিদ্যালয় হওয়ায় কিছু অতিরিক্ত বিষয় আইনে যোগ করা হয়েছে। 'দেশে ও বিদেশে আইসিটির ক্ষেত্রে অসাধারণ মেধাবী ও যোগ্য লোকদের আকৃষ্ট করতে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আকর্ষণীয় বেতন-ভাতা দেয়ার বিধান থাকবে। এখানে প্রথাগত শিক্ষার পাশাপাশি দূরশিক্ষণ ও অনলাইন শিক্ষার ব্যবস্থা থাকবে।' সচিব বলেন, এটি একটি পাবলিক বিশ্ববিদ্যালয় হবে। তবে এটি মূলত হবে বিশেষায়িত বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ে তথ্যপ্রযুক্তি ও যোগাযোগপ্রযুক্তি শিক্ষাকে বিশেষভাবে গুরুত্ব দেয়া হবে। প্রস্তাবে ট্রেজারার না রাখার কথা থাকলেও সেই পদও রাখার সিদ্ধান্ত হয়েছে। জানা গেছে, বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা বা গুরুত্বপূর্ণ পদগুলোতে নিয়োগ আকর্ষণীয় করতে বেতন ও অন্যান্য সুবিধার প্রতি গুরুত্ব দেয়া হবে। পাশাপাশি এখানে প্রথাগত শিক্ষার পাশাপাশি দূরশিক্ষণ ও অনলাইন শিক্ষার ব্যবস্থা থাকবে। বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় একাডেমিক কাউন্সিলে আইসিটি খাতের ব্যক্তিরা থাকবেন। থাকবেন এ খাতের উদ্যোক্তারা। একাডেমিক কাউন্সিলে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মনোনীত দু'জন আইসিটি শিল্পোদ্যোক্তা থাকবেন। আইনে



বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিলে আইসিটি সংশ্লিষ্ট ব্যক্তিদের রাখার বিধান যুক্ত করা হয়েছে বলে জানান তিনি। চ্যান্সেলর মনোনীত দু'জন আইসিটি শিল্পোদ্যোক্তা অ্যাকাডেমিক কাউন্সিলে থাকবেন। বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা উন্নয়ন কমিটিতে পরিকল্পনা বিভাগের একজন প্রতিনিধি থাকবে, যাতে তারা প্রকল্পগুলো ঠিকঠাক নিতে পারে। গাজীপুরের হাইটেক পার্কে স্থাপিত হবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়।

সুমাইয়া রহমান সীমা